



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০১৮.২০-৩৩৮

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

অফিস আদেশ


যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত কর্মসূচি নিম্নরূপ:

- ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় এবং সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিতরণ অঞ্চলের অফিস ভবন ও স্থাপনায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা (জাতীয় পতাকা বিধিমালা ১৯৭২ অনুসরণপূর্বক মানসম্মত পতাকা);
- খ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কালো ব্যাজ ধারণ;
- গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের Website এবং Facebook Page-এ কালো ব্যাজ প্রদর্শন এবং শোকাবহ ডিজিটাল ডিসপ্লে/পোর্টাল প্রতিস্থাপন;
- ঘ) সকল অফিস ভবন/স্থাপনার প্রধান প্রবেশদ্বারে জাতীয় শোক দিবসের অন্তর্নিহিত প্রতিপাদ্য বিষয়ক ব্যানার স্থাপন;
- ঙ) ১৪ আগস্ট ২০২০ তারিখ শুক্রবার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল মসজিদে বাদ জুম্মা বিশেষ মোনাজাতের আয়োজন; বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় এবং চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ ও সিলেট বিতরণ অঞ্চল (প্রধান প্রকৌশলীর কার্যালয়) কর্তৃক দুস্থ ও অসহায়দের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন; ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সকল মসজিদে পবিত্র কুরআন তিলওয়াত ও বাদ যোহর বিশেষ দোয়া আয়োজন;
- চ) বিদ্যুৎ ভবন, ওয়াপদা ভবন, সকল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং বিতরণ অঞ্চলসমূহের প্রধান কার্যালয়ে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড/ইলেকট্রনিক বিলবোর্ডের মাধ্যমে জাতীয় শোক দিবসের অন্তর্নিহিত প্রতিপাদ্য প্রচারের ব্যবস্থা করা;
- ছ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল অফিস ও অফিস প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;
- জ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিতরণ অঞ্চল/দপ্তর/পরিদপ্তরের উপযুক্ত স্থানে পর্যাপ্ত সংক্ষক বৃক্ষ রোপণ;
- ঝ) দেশব্যাপী জাতীয় শোক দিবসের কর্মসূচি চলাকালে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন সকল এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সচল রাখা;
- ঞ) ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার বিকাল তিনটায় কেন্দ্রীয়ভাবে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে “বঙ্গবন্ধুর জীবনদর্শ ও শোকাবহ ১৫ আগস্ট” শীষক আলোচনা সভার আয়োজন;
- ট) জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষে বিদ্যুৎ ভবন এবং বিতরণ অঞ্চলসমূহের প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু কর্নার স্থাপনপূর্বক বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়চীনসহ বঙ্গবন্ধুকে নিয়ে প্রকাশিত উল্লেখযোগ্য পুস্তকসমূহের প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ।

চলমান-২

৩) জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক যে সকল কর্মসূচি আয়োজন করা হবে সে সকল কর্মসূচিতে স্থানীয়ভাবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অংশগ্রহণ নিশ্চিত করা;

২। উল্লিখিত কর্মসূচি মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে ১৪ ও ১৫ আগস্ট ২০২০ তারিখ শুরুর ও শনিবার যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-৯৫৫৪২০৯

secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৯.০১৮.২০-৩৩৮/১(১০)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/ মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (অফিস আদেশটি বিউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১০। অফিস কপি।



(মোঃ রানা ইকবাল)

উপসচিব (সংস্থাপন)

☎: ০২-৯৫৫০৫২৩